সুমন সভাপতি লাল্টু সাধারণ সম্পাদক

আলমডাঙ্গায় বীজ ব্যবসায়ী সমিতির কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার সকাল ১০ টার দিকে পৌর বীজ পট্রিতে এ কমিটি গঠন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে তরিকুল ইসলাম সুমনকে সভাপতি ও আব্দুল লতিফ লাল্টুকে সাধারণ সম্পাদক ঘোষণা করে ৩১ সদস্য বিশিষ্ট এ কমিটি গঠন করা হয়।

সহ-সভাপতি হিসাবে শিমুল হোসেন, যুগ্ম সম্পাদক সুমন হক, সাংগঠনিক সম্পাদক পলাশ হোসেন, কোষাধ্যক্ষ জাহাঙ্গীর হোসেন, দপ্তর সম্পাদক বাবুল মিয়া।

কমিটি গঠন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন,সাধারণ সম্পাদক কামাল হোসেন, আলাউদ্দিন, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, আলমডাঙ্গা পৌর প্যানেল মেয়র মুজিবুল হক প্রমুখ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদে ১৪২৪ তম পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ কার্যালয়ে সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থ্যবিধি মেনে সাপ্তাহিক সাহিত্য আসর “পদধ্বনি” অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার বিকেল সাড়ে পাঁচটার সময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদ কার্যালয়ে ১৪২৪তম এই আসরে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলালের সভাপতিত্ব স্বরচিত লেখা পাঠ করেন জুবায়ের হাসান, আশিকুজ্জামান আসাদ, মুরশিদ আলম, আবু আফজাল সালেহ, ইব্রাহিম খলিল, আনছার আলী, সুমন ইকবাল, গোলাম কবির মুকুল, সুনু মোল্লা, আহাদ আলী মোল্লা, অধ্যক্ষ শাহজাহান আলী বিশ্বাস, মুন্সি আবু সাইফ, কবি নজমুল হেলাল প্রমুখ।

চিরায়ত সাহিত্য থেকে কবিতা আবৃত্তি করেন অ্যাড. বজলুর রহমান এবং চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহয়োগী অধ্যাপক মুন্সি আবু সাইফ। পঠিত লেখার উপর আলোচনা করেন কাজল মাহমুদ, ডা. হেদায়েত উল্লাহ মুকুল, অ্যাড. বজলুর রহমান ও চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের অন্যতম উপদেষ্টা সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কাজল মাহমুদ। এসময় চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নাজমুল হেলাল বলেন প্রতি শুক্রবারে বিকালে অনুষ্ঠিত ‘পদধ্বনি’ আসরে লেখিয়ে বন্ধু, সাহিত্যানুরাগীদের অংশগ্রহণ করার জন্য আহ্বান জানান। লেখিয়ে বন্ধু ও সাহিত্যানুরাগী ছাড়াও যে-কেউ এই অনুষ্ঠানে অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারেন বলে জানিয়েছেন তিনি।চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নাজমুল হেলাল সাহিত্য আসরে উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন

চুয়াডাঙ্গার ফুরশেদপুর গ্রামে গলায় ফাঁস লাগিয়ে বৃদ্ধের আত্মহত্যা

চুয়াডাঙ্গার ফুরশেদপুর গ্রামে গলায় ফাঁস লাগিয়ে ৬৫ বছর বয়সি এক বৃদ্ধ আত্নহত্যা করেছে। মৃত্যুর আগে নিজ হাতে লিখে গেছেন তার মৃত্যের জন্য কেউ দায়ি নহে। পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় ময়না তদন্ত ছাড়াই লাশের দাফন সম্পন্ন করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামের মৃত ছফর আলী বিশ্বাসের ছেলে ইছাহাক আলী ওরফে মঙ্গল (৬৫) শুক্রবার সকাল সাড়ে ৬ টার দিকে নিজ ঘরে গলাই ওড়না পেচিয়ে আত্মহত্যা করে।

মেয়ে মরিয়ম ঘরের মধ্যে ঢুকে দেখেন গলাই ফাঁস লাগিয়ে ঘরের আড়ার সাথে ঝুলছে তার বাবা। পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকায় বাদ আছর ময়না তদন্ত ছাড়াই লাশের দাফন সম্পন্ন করে পরিবারের লোকজন। এদিকে মৃত্যুর আগে মঙ্গল নিজ হাতে লিখে গেছেন তার

মৃত্যুর জন্য কেহ দায়ি নহে।

আলমডাঙ্গায় সেচ্ছাসেবকলীগের আনন্দ মিছিল

পদ্মা সেতু ও মেট্টোরেল দৃশ্যমান হওয়ায় প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে আলমডাঙ্গা উপজেলা সেচ্ছাসেবকলীগের আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকালে স্বাধীনতা স্তম্ভ মোড় থেকে আনন্দ মিছিল শুরু হয়ে চার তলার মোড় ঘুড়ে এরশাদ মঞ্চে শেষ হয়।

আনন্দ মিছিল শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ম আহব্বায়ক তরিকুল ইসলাম টুকুলের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা সেচ্ছাসেবকলীগের আহব্বায়ক সাবেক কাউন্সিলর শরিফুল ইসলাম রিফাত। বিশেষ অতিথি ছিলেন যুগ্ম আহব্বায়ক তারিকুল ইসলাম জুয়েল, হারদী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আহসানুল হক ট্যাক্টর, হারদী ইউনিয়ন যুবলীগের সভাপতি আশরাফুল হক ।

যুগ্ম আহব্বায়ক নাজমুল হোসাইনের উপস্থাপনায় উপস্থিত ছিলেন সেচ্ছাসেবকলীগ নেতা এনামুল, রাজু, লিটন আলী, রাসেল, আব্দুল লতিফ, আসাদুল, রহিদুল, মিলন, নজরুল ইসলাম তহিদ, রকি, রমিও, সাফায়েত আলী, জসিম উদ্দিন, শিমুল, হারুন অর রশিদ, সুমন, মাসুদ, উৎপল, ইমরান, রনি, রানা, ছাত্রলীগ নেতা সাগর, জজ, শাওন, শিহাব, সাইফুল, মামুন, ডাবলু, প্রমুখ।

দামুড়হুদা ইউএনও আসমানীদের

পাশে

বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা অসহায় দারিদ্র মানুষের জন্য কতো কিছুই বরাদ্দ রেখেছেন, কতো সুযোগ সুবিধা দিয়েছেন মানুষের কল্যাণে যা সারাদেশের হাজার হাজার অসহায় মানুষ সুফল ভোগ করছেন। রাজনৈতিক নেতা, জনপ্রতিনিধি সহ বিভিন্ন সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ তৃর্ণমূল পর্যায়ে অসহায় দারিদ্র মানুষের কল্যাণে কাজ করেই চলেছেন, তবু চোখের অন্তরালে, আড়ালে থেকে যায় অনেক আসমানীদের মতো মানুষ, ঠিক তেমনই এক আসমানীদের আবিষ্কার করলে আমাদের দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

বৃহস্পতিবার কার্পাসডাঙ্গা মিশন পাড়ায় এক জরাজীর্ণ কুঠিরের সন্ধান পেয়ে তাদের পাশে দাঁড়ালেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, তিনি যে মহানুভবতার আইকন তা আবারো প্রমান করলেন।
উক্ত বিষয়টি নিয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান তাঁর ফেসবুক পেইজে একটি আবেগঘন স্ট্যাটাস দেন যা সর্বমহলে প্রশংসিত হয়েছে।

স্ট্যাটাস টা হুবহু তুলে ধরা হলোঃ বাড়ি তো নয় পাখির বাসা ভেন্না পাতার ছানি, একটুখানি বৃষ্টি হলেই গড়িয়ে পড়ে পানি। একটুখানি হাওয়া দিলেই ঘর নড়বড় করে, তারি তলে আসমানিরা থাকে বছর ধরে।
পল্লীকবি জসিম উদ্দিন এর আসমানী কবিতার বাস্তব প্রতিফলন যেন ডলি মন্ডল, স্বামী: তুফান মন্ডল, মিশনপাড়া, কার্পাসডাঙ্গা এর জীবন। একটি জীর্ণ মাটির ঘরে কোনও রকমে কেটে যায় তার জীবন। যে ঘরটি একটু হাওয়া হলেই নড়বড় করে, একটু বৃষ্টি হলেই পানিতে একাকার হয়ে যায়। বিধবা ডলির ২ছেলে মায়ের সাথে কোন যোগাযোগ রাখেনা। আরেকটি ছেলেকে নিয়ে চলে তার সংসারের শূণ্য তরী।

এরই মধ্যে তাদের একমাত্র মাটির বসত ঘর, ঘরটি অতিবর্ষণে হঠাৎ ভেঙ্গে পড়ে। ঠিক যেনো আসমানির ঘর। হতদরিদ্র ডলি খাতুন যেন দিশেহারা, আতঙ্কিত……ঠিক এসময় তার প্রতিবেশী আমাকে তাদের দুর্দশার কথা অবগত করেন। তাদের অবস্থা বিবেচনায় তাৎক্ষণিক ২ বান্ডিল টিন এবং ছয় হাজার টাকা দেওয়া হলো।

উন্নতির এত ছোঁয়া আমাদের জীবনের সর্বত্র অথচ আমাদের মাঝে এখনো ধুঁকে ধুঁকে বেঁচে আছে “আসমানিরা”। তারা জানেও না মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাদের কতটা অগ্রাধিকার দেন, তাদের জন্য রয়েছে কত সরকারী সুযোগ সুবিধা। আজ তাদেরকে সরকারী এই সহায়তা পৌঁছে দিতে পেরে নিজের কাছেই স্বস্তি লাগছে। ডলির পরিবারের জন্য রইলো অনেক শুভ কামনা।

এব্যাপারে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান বলেন, আমি মানুষের কল্যানে সকল সময় পাশে থাকতে চাই, বাংলাদেশের যেখানেই দায়িত্ব পালন করবো সেখানেই সরকার থেকে সকল বরাদ্দের সঠিক ব্যাবহার করতে আমি অঙ্গিকারাবদ্ধ। সকলের সহযোগিতায় আমার উপর অর্পিত রাষ্টের সকল দায়িত্ব সঠিক ভাবে পালন করতে চায়। আমি সকলের ভালবাসা, দোয়া ও আশীর্বাদ নিয়ে পথ চলতে চেষ্টা করি, আল্লাহ আমাকে সঠিক পথে চলার তৌফিক দান করুন, আমিন।

আলমডাঙ্গায় গরু বোঝাই আলমসাধু গাড়িতে ট্রাকের ধাক্কা, আহত -৪

আলমডাঙ্গায় গরু বোঝাই আলমসাধু গাড়িতে ট্রাকের ধাক্কায় ৪জন গরু ব্যাপারি গুরুত্বর আহত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে উপজেলার জগন্নাথপুর স্কুল সংলগ্নে এ দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনার কবলিত আলমসাধু থেকে গুরুত্বর আহত অবস্থায় উদ্ধার করে তাদের স্থানীয় হাসপাতালে ভর্তি করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের ৪ জন গরু ব্যাপারি ১৪টি গরু নিয়ে আলমসাধু যোগে কুষ্টিয়ার আইলচাঁরা হাটে যাচ্ছিলো। এ সময় গরু ভর্তি আলমসাধু জগন্নাথপুর স্কুল সংলগ্নে পৌঁছালে বিপরীত থেকে বালি বোঝাই (ঝিনাইদহ- ১১-০৯৯৯) গাড়ির সাথে মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে গরুর গাড়িতে থাকা ৪ জন গরু ব্যাপারি গুরুত্বর আহত হয়। ক্ষতিগ্রস্ত হয় গাড়িতে থাকা ১৪ টি গরুর। আহতরা হলো- কামালপুর গ্রামের নয়া মিয়ার ছেলে হেলাল, আব্দুল মান্নানের ছেলে হালিম,

ফজলুর রহমানের ছেলে বিল্লাল, বকসিপুর গ্রামের সাইদুল। দুর্ঘটনায় স্থানীয়রা ছুটে আসলে ট্রাকের ড্রাইভার ও হেলপার পালিয়ে যায়।

খবর পেয়ে আলমডাঙ্গার পাইকপাড়া ফাঁড়ি পুলিশের আইসি এসআই সুজন কুমার সঙ্গীয় ফোর্স ট্রাকটি উদ্ধার করে থানা হেফাজতে নেয়।

বাড়ি ফেরা হলো না ইয়ামিনের দর্শনায় ট্রেনে কাটা পড়ে এক মাদ্রাসা ছাত্রের করুণ মৃত্যু

দর্শনায় ট্রেনে কাটা পড়ে ইয়ামিন (১২) নামের এক মাদ্রাসা ছাত্রের করুন মৃত্য হয়েছে।জানা গেছে আজ ২ সেপ্টেম্বর বৃহস্পতিবার দুপুর দেড় টার দিকে খুলনা থেকে ছেড়ে আসা রকেট মেইল এক্◌্রপ্রেস লোকাল সৈয়দপুর যাওয়ার পথে দর্শনা হঠাৎপাড়া রেলক্রসিং নিকট ট্রেনটি পৌছালে হাফেজ পড়িয়া মাদ্রাসা ছাত্র ইয়ামিন বাই সাইকেল নিয়ে রেলক্রসিং পার হতে গিয়ে আচমকা ট্রেনটি চলে আসলে ইয়ামিনের দুই পা শরীর থেকে বিছন্ন হয়ে যায় ঘটনাস্হলে তার মর্মান্তিক মৃত্য হয়। ইয়ামিন বড় দুধপাতিলা গ্রামের আশরাফের ছেলে। বর্তমানে লাশটি দর্শনা জি আর পি পুলিশের হেবাজতে আছে।এ ঘটনায় এলাকাজুড়ে নেমে এসেছে শোকের ছায়া।

দুই কোটি ৩৫ লাখ টাকার ১১ টি সোনার বার উদ্ধার

বিজিবি’র চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) দর্শনার ঠাকুরপুরে অভিযান চালিয়ে ২ কোটি ৩৫ লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত ঊননব্বই

টাকা মূল্যের ০৩ কেজি ৭৪০ গ্রাম (৩২০.৬৪ ভরি) ওজনের ১১টি স্বর্ণের বার উদ্ধার করেছে।
গতকাল বুধবার সকাল সোয়া ৭টার দিকে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর ভারপ্রাপ্ত অধিনায়ক মেজর নিস্তার আহমেদ এর তত্ত্বাবধানে অদ্য ঠাকুরপুর বিওপির টহল কমান্ডার জেসিও-৮১৬০ নায়েব সুবেদার মোঃ কাজী আজাদ এর নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে একটি টহলদল চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত ঠাকুরপুর সীমান্তের মেইন পিলার ৮৯ হতে আনুমানিক ০২ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে ঠাকুরপুর কবরস্থানের আম বাগানের মধ্যে স্বর্ণ চোরাচালান হচ্ছে মর্মে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে টহলদল সেখানে ওৎ পেতে থাকে। সময় আনুমানিক ০৭ টা ১৫ মিনিটের সময় ০১জন লোক বাইসাইকেল চালিয়ে বাংলাদেশ হতে ভারতের দিকে যাওয়ার সময় টহলদল উক্ত ব্যক্তিটিকে ধাওয়া করলে লোকটি তার সাইকেল ও কোমরে বাঁধা কাপড় ফেলে পালিয়ে যায়। টহলদল কাপড়ের ব্যাগটি জব্দ করে উপস্থিত লোকদের সামনে ব্যাগটি খুলে ০৩ কেজি ৭৪০ গ্রাম (৩২০.৬৪ ভরি) ওজনের উন্নত মানের ১১ টি বিভিন্ন সাইজের স্বর্ণের বার এবং ০১টি বাই সাইকেল আটক করতে সক্ষম হয়, যার আনুমানিক মূল্য ২,৩৫,৬৬,৫৮৯/- (দুই কোটি পয়ত্রিশ লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত ঊননব্বই) টাকা।

উদ্ধারকৃত স্বর্ণ দর্শনা থানায় হস্তান্তর করে ঠাকুরপুরের মৃত লুৎফর রহমানের ছেলে মোঃ মোস্তাফিজুর রহমান (ফিজুর) (২৮) পলাতক আসামি দেখিয়ে মামলা দায়ের করেন। মামলার বাদি হয়েছেন নাঃ সুবেঃ আবুল কালাম আজাদ । (প্রেস বিজ্ঞপ্ত)

চুয়াডাঙ্গার কুলপালায় সড়ক দুর্ঘটনায় মেহেরপুরের মনিরুল নিহত

মেহেরপুর- চুয়াডাঙ্গা সড়কের কুলপালায় বালু ভর্তি ট্রাক ও পিকআপের মুখোমুখি সংঘর্ষে মনিরুল ইসলাম (৪০) এক ব্যক্তি নিহত হয়েছেন।

আজ বুধবার ভোর ৫টার সময় এ দুর্ঘটনা ঘটে। নিহত মনিরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামের কুপাজ উদ্দিনের ছেলে। জানা গেছে, মনিরুল ইসলাম গতকাল বিকেলে কলা বিক্রির উদ্দেশ্যে বরিশালে যান। বরিশাল থেকে মেহেরপুরে ফেরার উদ্দেশ্যে রওনা দেন। চুয়াডাঙ্গার কুলপালা নামক স্থানে এসে পিকআপটি নিয়ন্ত্রণ হারালে সামনে থাকা বালুভর্তি ট্রাকের সাথে সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই মনিরুল ইসলাম মারা যান এবং পিকআপ চালক মোঃ বকুল (৩৫) গুরুতর আহত হন। খবর পেয়ে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিসের একটি টিম এসে তাদেরকে উদ্ধার করেন।

চুয়াডাঙ্গায় করোনায় ১ জনের মৃত্যু আক্রান্ত ১০

চুয়াডাঙ্গায় মঙ্গলবার করোনা আক্রান্ত হয়ে ১ জনের মৃত্যু হয়েছে এবং করোনা আক্রান্ত হয়েছেন আরও ১০ জন। চুয়াডাঙ্গায় করোনায় কমেছে মৃত্যুহার। চুয়াডাঙ্গায় মোট ২০৮ জন মৃত্যুবরণ করেছে এরমধ্যে চুয়াডাঙ্গায় করোনায় মারা গেছেন ১৮৮ জন এবং জেলার বাইরে ২০ জন।

গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়ে আরও ১ জনের মৃত্যু হয়েছে। নতুন করে ১০ জন করোনা আক্রান্ত হয়েছেন।এই নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৭০৬ জনে। চুয়াডাঙ্গা স্বাস্থ্য বিভাগ মঙ্গলবার ১১০ জনের নমুনা সংগ্রহ করেছে।

এই নিয়ে জেলায় মোট নমুনা সংগ্রহ দাঁড়িয়েছে ২৬ হাজার ৩১০ জন।এ দিকে ১৫১ জনের এর নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে এই নিয়ে জেলায় মোট ২৬ হাজার ৬৫৯ জনের নমুনা পরীক্ষা রিপোর্ট পাওয়া গেছে।

এ সময় ১০ জনের করোনা শনাক্ত হয়েছে এই নিয়ে জেলায় মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৬ হাজার ৭০৬ জনে। মঙ্গলবার কোন রোগী সুস্থ না থাকলেও। এ নিয়ে জেলায় মোট সুস্থ হয়েছেন ৬ হাজার ৯৯ জন।

বর্তমানে সক্রিয় রোগীর মধ্যে হাসপাতালে রয়েছেন ২০ জন আর বাড়িতে আছেন ৩৭৯ জন। নতুন যে ১০ জন করোনা শনাক্ত হয়েছেন তার মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার ৭ জন আলমডাঙ্গায় উপজেলায় ২ জন এবং জীবননগরে উপজেলায় ১ জন ।

চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এ এস এম মারুফ হাসান আরো বলেন, চুয়াডাঙ্গায় এ পর্যন্ত ৮৭ জন স্বাস্থ্যকর্মী করোনা আক্রান্ত হয়েছেন এর মধ্যে ৮৫ জন সুস্থ হয়েছেন। গত এক সপ্তাহে চুয়াডাঙ্গা করোনা আক্রান্ত রোগীর সংখ্যা শতকরা ১৪.৩৯ শতাংশ।